**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন)**
**www. minland.gov.bd**

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৫.৬৮.০০১.২০-৮২০

তারিখ: ২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৪ জুলাই ২০২৪খ্রিষ্টাব্দ

**বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোরস্পেস/দোকান সংক্রান্ত।**

সূত্র:
ক। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নম্বর ২৫.০০.০০০০.০২০.৯৯.০১২.১৭-৮৪৩; তারিখ ২/৬/২০২৪
খ। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নম্বর ২৫.০০.০০০০.০২০.৯৯.০১২.১৭-৮৪৫; তারিখ ২/৬/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বিবেচ্য পত্রদ্বয়ের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এই সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ৬ (ছয়) পাতা।

০৪/০৭/২৪
(মোহাম্মদ আবুল কালাম)
উপসচিব (প্রশাসন)
ফোন-৫৫১০০০৮৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান (সচিব), ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
৫। পরিচালক (যুগ্মসচিব), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
৬। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
৭। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উন্নয়ন অধিশাখা-৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০২০.৯৯.০১২.১৭-৮৪৩

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১
০২ জুন ২০২৪

## প্রজ্ঞাপন

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোরস্পেস/দোকান ইত্যাদির হস্তান্তর অনুমতি, নামজারির অনুমতি, বাণিজ্যিক ব্যবহারের অনুমতিসহ অন্যান্য সেবা প্রদান ফি NTR (Non Tax Revenue) নিম্নোক্তভাবে পুন:নির্ধারণ করা হলো:

(ক) হস্তান্তর অনুমতি ফি (আবাসিক, শিল্প ও বাণিজ্যিক প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান)

| ক্রম | এলাকার নাম | প্লট/উপ-প্লট/খন্ড জমি (প্রতি কাঠা) | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোরস্পেস/ দোকান (প্রতি বর্গফুট) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা | আবাসিক-২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা | আবাসিক-২৬০/- (দুই শত ষাট) টাকা |
| | | বাণিজ্যিক-৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা | বাণিজ্যিক-১০০০/- (এক হাজার) টাকা |
| ২। | তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | বাণিজ্যিক প্লট-৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা | বাণিজ্যিক-১০০০/- (এক হাজার) টাকা |
| | | শিল্প প্লট-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা | শিল্প প্লট-৮০০/- (আটশত) টাকা |
| ৩। | খিলগাঁও পুনর্বাসন এলাকা (১০০ ফুট রাস্তার পার্শ্বে), ঢাকা | আবাসিক-১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | আবাসিক ২০০/- (দুইশত) টাকা |
| | | বাণিজ্যিক-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা | বাণিজ্যিক-৫০০/- (পাঁচশত) টাকা |
| ৪। | খিলগাঁও পুনর্বাসন এলাকা (অনধিক ১০০ ফুট রাস্তার পার্শ্বে), ঢাকা | আবাসিক-১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা | আবাসিক-১৫০/- (একশত পঞ্চাশ) টাকা |
| | | বাণিজ্যিক-১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা | বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা। |
| ৫। | রাজারবাগ পুনর্বাসন এলাকা (বিশ্বরোড সংলগ্ন), ঢাকা | আবাসিক-১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | ২০০/- (দুইশত) টাকা |
| ৬। | রাজারবাগ পুনর্বাসন এলাকা (ভিতরের ৪০ ফুট ও অভ্যন্তরীণ রাস্তার পার্শ্বে), ঢাকা | ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা | ১৬০/- (একশত ষাট) টাকা |
| ৭। | হাজারীবাগ শিল্প এলাকা, ঢাকা | আবাসিক-২,৯০,০০০/- (দুই লক্ষ নব্বই হাজার) টাকা | আবাসিক-৩২০/- (তিনশত বিশ) টাকা |
| | | বাণিজ্যিক-৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা | বাণিজ্যিক-৮০০/- (আটশত) টাকা |
| ৮। | মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা | বাণিজ্যিক-১২০০/- (এক হাজার দুইশত) টাকা |
| ৯। | নবাবপুর বাণিজ্যিক এলাকা, ঢাকা | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা | বাণিজ্যিক-১০০০/- (এক হাজার) টাকা |

চলমান পাতা-১/৪

সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
ডায়েরি নম্বর:
অতিরিক্ত সচিব: ● মাঠপ্রশাসন/উন্নয়ন/প্রশাসন/বাজেট/জরিপ ● সায়রাত-১/সায়রাত-২/অধিগ্রহণ/আইন/খাসজমি/ডিজিএমসি
● যুগ্মসচিব:
● একান্ত সচিব:
● জরুরি ব্যবস্থা নিন ● উপস্থাপন করুন ● মন্তব্যসহ উপস্থাপন করুন ● প্রয়োজনীয় ব্যবস্থা নিন ● আলোচনা করুন ● সার-সংক্ষেপ প্রস্তুত করুন
সচিবের স্বাক্ষর

অতিঃ সচিব (প্রশাসন) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়
ডাইরী নম্বর: | তারিখ:
● উপসচিব (বাজেট ও অডিট) : জরুরি ব্যবস্থা নিন
● উপসচিব (প্রশিক্ষণ ও শৃঙ্খলা) : অদ্য উপস্থাপন করুন
● উপসচিব (সংস্থাপন) : উপস্থাপন করুন
● উপসচিব (প্রশাসন) : প্রয়োজনীয় ব্যবস্থা নিন
● হিসাব রক্ষণকর্মকর্তা : আলোচনা করুন
● ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিবের স্বাক্ষর

| | | | |
|---|---|---|---|
| ১০। | কক্সবাজার আবাসিক এলাকা | ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | আবাসিক-৪০০/- (চারশত) টাকা |
| ১১। | শেরে বাংলা নগর/আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা | আবাসিক-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা<br>প্রাতিষ্ঠানিক/বাণিজ্যিক-৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা। | আবাসিক-৩০০/- (তিন শত) টাকা<br>প্রাতিষ্ঠানিক/বাণিজ্যিক-৮০০/- (আটশত) টাকা |
| ১২। | চট্টগ্রাম আবাসিক এলাকা | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা | ২০০/- (দুইশত) টাকা |
| ১৩। | চট্টগ্রাম বাণিজ্যিক এলাকা | ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা | বাণিজ্যিক-৮০০/- (আটশত) টাকা |
| ১৪। | চট্টগ্রাম শিল্প এলাকা (বায়েজীদ বোস্তামী/ নাসিরাবাদ) | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা | শিল্প-৮০০/- (আটশত) টাকা |

(খ) নামজারির অনুমতি ফি (আবাসিক, শিল্প ও বাণিজ্যিক প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান)

| ক্রম | এলাকার নাম | প্লট/উপ-প্লট/খন্ড জমি | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোরস্পেস/ দোকান (প্রতি বর্গফুট) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা | (১) ৫ কাঠা পর্যন্ত<br>আবাসিক-২০,০০০/- (বিশ হাজার) টাকা<br>বাণিজ্যিক-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা<br>(২) ১০ কাঠা পর্যন্ত<br>আবাসিক-৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা<br>বাণিজ্যিক-৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা<br>(৩) ১৫ কাঠা পর্যন্ত<br>আবাসিক-৬০,০০০/- (ষাট হাজার) টাকা<br>বাণিজ্যিক-৭০,০০০/- (সত্তর হাজার) টাকা<br>(৪) ১৫ কাঠার উর্ধ্বে<br>আবাসিক-৮০,০০০/- (আশি হাজার) টাকা<br>বাণিজ্যিক-৯০,০০০/-(নব্বই হাজার) টাকা | (১) আবাসিক-২০ (বিশ) টাকা<br>(২) বাণিজ্যিক-৩০ (ত্রিশ) টাকা |
| ২। | তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | (১) ৫ কাঠা পর্যন্ত<br>শিল্প-২০,০০০/- (বিশ হাজার) টাকা<br>বাণিজ্যিক-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা<br>(২) ১০ কাঠা পর্যন্ত<br>শিল্প-৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা<br>বাণিজ্যিক-৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা<br>(৩) ১৫ কাঠা পর্যন্ত<br>শিল্প ৬০,০০০/- (ষাট হাজার) টাকা<br>বাণিজ্যিক-৭০,০০০/- (সত্তর হাজার) টাকা<br>(৪) ১৫ কাঠার উর্ধ্বে<br>শিল্প-৮০,০০০/- (আশি হাজার) টাকা<br>বাণিজ্যিক-৯০,০০০/-(নব্বই হাজার) টাকা | (১) শিল্প-২০ (বিশ) টাকা<br>(২) বাণিজ্যিক-৩০ (ত্রিশ) টাকা |
| ৩। | খিলগাঁও পুনর্বাসন এলাকা, ঢাকা | (১) আবাসিক ১২,০০০ (বারো হাজার) টাকা<br>(২) বাণিজ্যিক-২০,০০০/- (বিশ হাজার) | (১) আবাসিক-১৫ (পনেরো) টাকা<br>(২) বাণিজ্যিক-২৫ (পঁচিশ) টাকা |
| ৪। | রাজারবাগ পুনর্বাসন এলাকা, ঢাকা | আবাসিক ১২,০০০ (বারো হাজার) টাকা | আবাসিক-১৫ (পনেরো) টাকা |
| ৫। | হাজারীবাগ আবাসিক এলাকা, ঢাকা | ১২,০০০ (বারো হাজার) টাকা | ১৫ (পনেরো) টাকা |

চলমান পাতা-২/৪

| | | | |
|---|---|---|---|
| ৬। | হাজারীবাগ শিল্প এলাকা, ঢাকা | ২০,০০০/- (বিশ হাজার) টাকা | ২০ (বিশ) টাকা |
| ৭। | মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা | ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা | ৪০ (চল্লিশ) টাকা |
| ৮ | নবাবপুর বাণিজ্যিক এলাকা, ঢাকা | ২০,০০০/- (বিশ হাজার) টাকা | ৩০ (ত্রিশ) টাকা |
| ৯। | কক্সবাজার আবাসিক এলাকা | ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা | ২০ (বিশ) টাকা |
| ১০। | চট্টগ্রাম আবাসিক এলাকা | ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা | ২০ (বিশ) টাকা |
| ১১। | চট্টগ্রাম বাণিজ্যিক এলাকা | ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা | ৩০ (ত্রিশ) টাকা |
| ১২। | চট্টগ্রাম শিল্প এলাকা (বায়েজীদ বোস্তামী/ নাসিরাবাদ) | ২০,০০০/- (বিশ হাজার) টাকা | ২৫ (পঁচিশ) টাকা |
| ১৩। | অন্যান্য বিভাগীয় সদর | ১০,০০০/- (দশ হাজার) টাকা | ১০ (দশ) টাকা |
| ১৪। | অন্যান্য শহর আবাসিক এলাকা | ৪,০০০/- (চার হাজার) টাকা | ১০ (দশ) টাকা |
| ১৫। | অন্যান্য শহর শিল্প এলাকা | ১০,০০০/- (দশ হাজার) টাকা | ১০ (দশ) টাকা |
| ১৬। | অন্যান্য শহর বাণিজ্যিক এলাকা | ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা | ২০ (বিশ) টাকা |

(গ) কনভার্সন ফি (আবাসিক, শিল্প ও বাণিজ্যিক প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান)

| ক্রম | এলাকার নাম | প্লট/উপ-প্লট/খন্ড জমি (প্রতি কাঠা) | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/ দোকান (প্রতি বর্গফুট) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা | ১২,০০,০০০/- (বারো লক্ষ) টাকা | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ২। | তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ৩। | খিলগাঁও পুনর্বাসন এলাকা, ঢাকা | ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ৪। | রাজারবাগ পুনর্বাসন এলাকা, ঢাকা | ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ৫। | হাজারীবাগ আবাসিক এলাকা, ঢাকা | ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ৬। | হাজারীবাগ শিল্প এলাকা, ঢাকা | ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ৭। | মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা | ৮০০/- (আটশত) টাকা |
| ৮। | নবাবপুর বাণিজ্যিক এলাকা, ঢাকা | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা | ৮০০/- (আটশত) টাকা |
| ৯। | কক্সবাজার আবাসিক এলাকা | ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ১০। | চট্টগ্রাম আবাসিক এলাকা | ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ১১। | চট্টগ্রাম বাণিজ্যিক এলাকা | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা | ৮০০/- (আটশত) টাকা |
| ১২। | চট্টগ্রাম শিল্প এলাকা (বায়েজীদ বোস্তামী/ নাসিরাবাদ) | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা | ৮০০/- (আটশত) টাকা |
| ১৩। | অন্যান্য বিভাগীয় সদর | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ১৪। | অন্যান্য শহর আবাসিক এলাকা | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ১৫। | অন্যান্য শহর শিল্প এলাকা | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |
| ১৬। | অন্যান্য শহর বাণিজ্যিক এলাকা | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো। যা জারির তারিখ হতে কার্যকর হবে।

০২/০৬/২০২৪

মুহাম্মদ ইকবাল হুসাইন
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৮৯৭৩৯

নম্বর: ২৫.০০.০০০০.০২০.৯৯.০১২.১৭-৮৪৩

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১
০২ জুন ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(৩) সিনিয়র সচিব/সচিব (সকল), ......ভূমি মন্ত্রণালয়..............।
(৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
(৫) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
(৬) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৭) অতিরিক্ত সচিব (সকল)............................... গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(৮) বিভাগীয় কমিশনার (সকল)...............................
(৯) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
(১০) মহাপরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
(১১) বিজ্ঞ আইন উপদেষ্টা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(১২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(১৩) চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
(১৪) মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
(১৫) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(১৬) পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৭) যুগ্মসচিব (সকল)............................ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(১৮) জেলা প্রশাসক (সকল)...............................।
(১৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
(২০) সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(২১) পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২২) উপসচিব (সকল) .............................. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(২৩) উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে এ প্রজ্ঞাপন প্রকাশের অনুরোধসহ)।
(২৪) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সরকারী ১২ তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(২৫) সিস্টেম এ্যানালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
(২৬) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) ..................... গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(২৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

02/06/2024
মুহাম্মদ ইকবাল হসাইন
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উন্নয়ন অধিশাখা-৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০২০.৯৯.০১২.১৭-৮৪৫ তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০২ জুন ২০২৪

## পরিপত্র

**বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান প্রভৃতির হস্তান্তর অনুমতি, নামজারির অনুমতি, বন্ধক রাখার অনুমতি, বাণিজ্যিক ব্যবহারের অনুমতি, প্লট বিভাজন ও একত্রিকরণের অনুমতি প্রদান এবং আমমোক্তারনামা গ্রহণ বিষয়ক পরিপত্র, ২০২৪**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকা শহরের ধানমন্ডি আবাসিক এলাকা, তেজগাঁও শিল্প এলাকা, শের-ই-বাংলা নগর/আগারগাঁও প্রশাসনিক এলাকা, খিলগাঁও, রাজারবাগ, বাসাবো, ওহাব কলোনী পুনর্বাসন এলাকা, মতিঝিল বাণিজ্যিক এলাকা, হাজারীবাগ শিল্প এলাকা, নবাবপুর বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম শহরের আবাসিক/বাণিজ্যিক/শিল্প এলাকা, কক্সবাজার শহরের সমুদ্র সৈকত আবাসিক এলাকা রহিয়াছে। লীজ দলিলের শর্ত অনুসরণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাভুক্ত আবাসিক/শিল্প/প্রশাসনিক এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান প্রভৃতির হস্তান্তর অনুমতি, নামজারির অনুমতি, বন্ধক রাখার অনুমতি, বাণিজ্যিক ব্যবহারের অনুমতি, প্লট বিভাজন ও একত্রিকরণের অনুমতি প্রদান এবং আমমোক্তারনামা গ্রহণ প্রভৃতি কার্যক্রম সহজিকরণ এবং দীর্ঘসূত্রিতা পরিহারের লক্ষ্যে নিম্নবর্ণিত পরিপত্র প্রণয়ন করা হইল।

**১.০ আবাসিক/শিল্প/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর হস্তান্তর ও নামজারির অনুমতি প্রদান:**

১.১ আবাসিক/শিল্প/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান প্রভৃতির বরাদ্দ প্রাপক/মালিক/মালিক কর্তৃক নিযুক্ত আমমোক্তারকে হস্তান্তর ও নামজারির অনুমতির জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে:

১.২ আবেদনকারীকে আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

১.২.১ হস্তান্তর দাতা ও হস্তান্তর গ্রহিতার সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

১.২.২ হস্তান্তর দাতা ও হস্তান্তর গ্রহিতা প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

১.২.৩ প্লটের বরাদ্দপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

১.২.৪ প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর সংশ্লিষ্ট দলিলের সার্টিফাইড কপি;

১.২.৫ আমমোক্তারনামার সার্টিফাইড কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

| অতিঃ সচিব (প্রশাসন) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয় | |
|---|---|
| ডাইরী নম্বর: ৬৫৪ | তারিখ: ২২/০৬/২৪ |
| উপসচিব (বাজেট ও অডিট) | : জরুরি ব্যবস্থা নিন |
| উপসচিব (প্রশিক্ষণ ও শৃঙ্খলা) | : জরুরি উপস্থাপন করুন |
| উপসচিব (সংস্থাপন) | : উপস্থাপন করুন |
| উপসচিব (প্রশাসন) | : প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| হিসাব রক্ষণকর্মকর্তা | : আলোচনা করুন |
| ব্যক্তিগত কর্মকর্তা | |

১.২.৬ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসের নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও সিটি জরিপের সত্যায়িত কপি;

১.২.৭ হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি;

১.২.৮ গ্রাউন্ড ট্যাক্স পরিশোধের রশিদের সত্যায়িত কপি;

১.২.৯ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে হস্তান্তর দাতা-গ্রহিতার পৃথক নোটারীকৃত ছবিযুক্ত হলফনামা (হলফনামার নমুনা পরিশিষ্ট-ক)।

১.৩ নির্ধারিত হস্তান্তর অনুমতি ফি ও নামজারির অনুমতি ফি সংশ্লিষ্ট সরকারি কোডে জমা প্রদান করিতে হইবে।

১.৪ হেবা/দান ব্যতীত হস্তান্তরের অনুমতি ও নামজারির অনুমতির আবেদন একত্রে করিতে হইবে। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে নির্ধারিত হস্তান্তর অনুমতি ফি ও নামজারির অনুমতি ফি আদায়পূর্বক একইসাথে হস্তান্তর অনুমতি ও হস্তান্তর গ্রহিতার নামে নামজারির অনুমতি প্রদান করিতে হইবে। এ অনুমতির ভিত্তিতে হস্তান্তর গ্রহিতার অনুকূলে দলিল সম্পাদন হওয়ার পর হস্তান্তর গ্রহিতাকে রেজিস্ট্রিকৃত দলিলসহ সরাসরি সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে নামজারির জন্য আবেদন করিতে হইবে। এই ক্ষেত্রে পৃথকভাবে মন্ত্রণালয়ের নামজারির অনুমতির প্রয়োজন হইবে না। তবে সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে নামজারি সম্পন্ন হওয়ার পর রেকর্ডপত্র হালনাগাদকরণের নিমিত্ত হস্তান্তর গ্রহিতাকে নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ এ মন্ত্রণালয়ে দাখিল করিতে হইবে।

১.৫ যাহার নিকট হস্তান্তরের অনুমতি প্রদান করা হইবে পরবর্তীতে কোন কারণে তাহার নিকট হস্তান্তর করা সম্ভব না হইলে উভয়ের ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ছবিযুক্ত পৃথক নোটারীকৃত হলফনামাসহ হস্তান্তর অনুমতি বাতিলের আবেদন করিতে হইবে। এই ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের সময় উভয় পক্ষের শুনানী গ্রহণ করিতে হইবে। পরবর্তীতে অন্য কাহারো নিকট হস্তান্তর করিতে চাহিলে নতুন ভাবে আবেদন করিতে হইবে (হলফনামার নমুনা পরিশিষ্ট-খ)।

১.৬ হস্তান্তরের আবেদন করার পর উক্ত আবেদন নিষ্পন্ন হওয়ার পূর্বে মালিকের মৃত্যু হইলে সেই ক্ষেত্রে উত্তরাধিকার আইন অনুযায়ী ওয়ারিশদের নামে আবশ্যিকভাবে নামজারি সম্পন্ন করতঃ হস্তান্তর প্রক্রিয়া শেষ করিতে হইবে।

১.৭ হস্তান্তর অনুমতি প্রদানের পরে নির্দিষ্ট সময়ের মধ্যে (৬ মাস) হস্তান্তর দলিল সম্পাদন না করিলে সার্ভিস চার্জ ব্যতিত পরবর্তী ৬ মাস হস্তান্তর দলিল সম্পাদনের সময় বৃদ্ধি করা যাইবে। পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে প্রতি মাসে হস্তান্তর অনুমতি ফি এর ০.৫% হারে সার্ভিস চার্জ প্রদান করিতে হইবে।

**২.০ আবাসিক/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর হেবা/দান দলিলমূলে নামজারির অনুমতি প্রদান:**

২.১ সকল প্লট/উপ-প্লট/খড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান ইত্যাদির হেবা কিংবা দানের মাধ্যমে হস্তান্তর দলিল সম্পাদনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পূর্বানুমতির প্রয়োজন হইবে না। সরাসরি সাব-রেজিস্ট্রার অফিসে হেবা কিংবা দান হস্তান্তর দলিল সম্পাদন করিতে পারিবেন।

২.২ হেবা/দান হস্তান্তর দলিল সম্পাদনের পর হেবা/দান গ্রহিতাকে নামজারির অনুমতির জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

২.৩ আবেদনকারীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

২.৩.১ হেবা/দান দলিলের সার্টিফাইড কপি;

২.৩.২ হেবা/দান দাতা ও গ্রহিতার সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

২.৩.৩ হেবা/দান দাতার নামে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসের নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি;

২.৩.৪ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে হেবা/দান দাতা-গ্রহিতার (প্রযোজ্য ক্ষেত্রে) পৃথক ছবিযুক্ত নোটারীকৃত হলফনামা (হলফনামার নমুনা পরিশিষ্ট-গ);

২.৩.৫ হেবা হস্তান্তর দাতা ও হেবা হস্তান্তর গ্রহিতা প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি।

২.৪ নির্ধারিত হস্তান্তর অনুমতি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ও নামজারির অনুমতি ফি সংশ্লিষ্ট সরকারি কোডে জমা প্রদান করিতে হইবে।

২.৫ হেবা/দানের ক্ষেত্রে পিতা-মাতা কর্তৃক সন্তান'কে, সন্তান কর্তৃক পিতা-মাতা'কে, স্বামী কর্তৃক স্ত্রী'কে, স্ত্রী কর্তৃক স্বামী'কে, দাদা-দাদী, নানা-নানী কর্তৃক নাতী-নাতনী'কে ও নাতী-নাতনী কর্তৃক দাদা-দাদী, নানা-নানী'কে হেবা/দান ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে হস্তান্তর অনুমতি ফি (যদি থাকে) প্রদান করিতে হইবে।

**৩.০ আবাসিক/শিল্প/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর ওয়ারিশ হিসেবে নামজারির অনুমতি প্রদান:**

৩.১ কোন মালিকের মৃত্যু হইলে মৃত ব্যক্তির ওয়ারিশগণ-কে নামজারির অনুমতির জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

৩.২ আবেদনকারীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

৩.২.১ মালিকের মৃত্যু সনদ ও তার ওয়ারিশন সনদ;

৩.২.২ ওয়ারিশগণের সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

৩.২.৩ প্রত্যেক ওয়ারিশের প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

৩.২.৪ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ওয়ারিশগণের ছবিযুক্ত নোটারীকৃত হলফনামা (হলফনামার নমুনা-পরিশিষ্ট-ঘ);

৩.২.৫ ওয়ারিশগণের মধ্যে কেউ বিদেশে অবস্থান করিলে তাহার পক্ষে অন্যান্য ওয়ারিশগণ হলফনামা সম্পাদন করিতে পারিবেন;

৩.২.৬ মৃত মালিকের নামে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসের নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি।

৩.৩ নির্ধারিত নামজারির অনুমতি ফি সংশ্লিষ্ট সরকারি কোডে জমা প্রদান করিতে হইবে।

৩.৪ হস্তান্তর ও নামজারির অনুমতির আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে কোন অস্পষ্টতা দেখা দিলে প্রয়োজনে সংশ্লিষ্টদের শুনানী গ্রহণপূর্বক আবেদন নিষ্পত্তি করিতে হইবে। এ ক্ষেত্রে বিদেশে অবস্থানকারীগণের ভিডিও কলের মাধ্যমে বক্তব্য/শুনানী গ্রহণ করা যাইবে। যিনি হলফনামা প্রদান করিবেন তিনি ভিডিও কলের মাধ্যমে শুনানী প্রদানকারীকে সনাক্ত করিবেন।

**৪.০ আবাসিক/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর অছিয়তনামা মূলে নামজারির অনুমতি প্রদান:**

৪.১ অছিয়তকারীর মৃত্যুর পরে প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর নামজারির অনুমতির জন্য অছিয়ত গ্রহিতা-কে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

৪.২ আবেদনকারীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে:

৪.২.১ রেজিস্ট্রিকৃত অছিয়তনামা যথাযথ আদালত কর্তৃক প্রবেট করে মন্ত্রণালয়ে দাখিল করিতে হইবে;

৪.২.২ অছিয়তকারীর মৃত্যুসনদ;

৪.২.৩ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে আবেদনকারীর ছবিযুক্ত নোটারীকৃত হলফনামা (হলফনামার নমুনা-পরিশিষ্ট-ঙ);

৪.২.৪ আবেদনকারী প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

৪.২.৫ অছিয়তকারীর নামে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসের নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি।

৪.৩ নির্ধারিত হস্তান্তর অনুমতি ফি ও নামজারির অনুমতি ফি সংশ্লিষ্ট সরকারি কোডে জমা প্রদান করিতে হইবে।

৪.৪ এ ক্ষেত্রে অছিয়তকারীর ওয়ারিশগণের শুনানী গ্রহণ করিতে হইবে।

**৫.০ আবাসিক/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর এওয়াজ বদল দলিল মূলে নামজারির অনুমতি প্রদান:**

৫.১ এওয়াজ বদল দলিলমূলে নামজারির অনুমতির ক্ষেত্রে উভয়পক্ষ-কে নামজারির জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

৫.২ আবেদনকারীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

৫.২.১ এওয়াজ বদল দলিলের সার্টিফাইড কপি;

৫.২.২ দাতা-গ্রহিতা প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

৫.২.৩ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দাতা-গ্রহিতার পৃথক ছবিযুক্ত নোটারীকৃত হলফনামা (হলফনামার নমুনা-পরিশিষ্ট-চ);

৫.২.৪ দাতার নামে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসের নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি।

৫.৩ নির্ধারিত হস্তান্তর অনুমতি ফি ও নামজারির অনুমতি ফি সংশ্লিষ্ট সরকারি কোডে জমা প্রদান করিতে হইবে।

**৬.০ আবাসিক/শিল্প/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খণ্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর জন্য আমমোক্তারনামা গ্রহণ/গৃহীত আমমোক্তারনামা বাতিল:**

৬.১ পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২ ও পাওয়ার অব অ্যাটর্নি বিধিমালা, ২০১৫ অনুযায়ী প্লট/উপ-প্লট/খণ্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস ফ্লোরস্পেস/দোকান প্রভৃতির জন্য নিয়োগকৃত রেজিস্টার্ড আমমোক্তার মন্ত্রণালয় কর্তৃক গ্রহণ করিবার জন্য অথবা নিয়োগকৃত রেজিস্টার্ড আমমোক্তার এ মন্ত্রণালয় কর্তৃক গ্রহণ করিবার পর পরবর্তীতে অনিবার্য কারণে আমমোক্তারনামায় বর্ণিত শর্তাবলী সম্পাদন করা সম্ভব না হলে পক্ষগণের সম্মতিতে/আদালতের আদেশ মতে সম্পাদিত আমমোক্তারনামা বাতিল দলিল গ্রহণের জন্য বরাদ্দ প্রাপক/মালিক-কে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

৬.২ আবেদনকারীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

৬.২.১ আমমোক্তার দাতা ও গ্রহিতার/আমমোক্তারনামা বাতিল দলিল সম্পাদনকারী/সম্পাদনকারীগণের সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

৬.২.২ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে প্লট/উপ-প্লট/খণ্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি;

৬.২.৩ আমমোক্তারনামা/বাতিলকৃত আমমোক্তারনামা দলিলের সার্টিফাইড কপি;

৬.২.৪ আমমোক্তার দাতা-গ্রহিতার/আমমোক্তারনামা বাতিল দলিল সম্পাদনকারী/সম্পাদনকারীগণ প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

৬.২.৫ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে আমমোক্তার দাতা-গ্রহিতা এবং আমমোক্তারনামা বাতিল দলিল সম্পাদনকারী/সম্পাদনকারীগণের ছবিযুক্ত নোটারীকৃত পৃথক হলফনামা (হলফনামার নমুনা-পরিশিষ্ট-ছ)।

৬.৩ আবেদনপত্রে আমমোক্তার দাতা কর্তৃক আমমোক্তার গ্রহিতার স্বাক্ষর সত্যায়ন করিতে হইবে। একাধিক মালিকের ক্ষেত্রে সকল মালিকের স্বাক্ষর প্রয়োজন হইবে।

৬.৪ আমমোক্তার দাতা ও গ্রহিতা/আমমোক্তারনামা বাতিল দলিল সম্পাদনকারী/সম্পাদনকারীগণের শুনানী গ্রহণ করিতে হইবে। শুনানীকালে আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে। এ ক্ষেত্রে বিদেশে অবস্থানকারীগণের ভিডিও কলের মাধ্যমে বক্তব্য/শুনানী গ্রহণ করা যাইবে। শুনানীতে উপস্থিত আমমোক্তার দাতা/গ্রহিতাকে বিদেশে অবস্থানকারীগণের সনাক্ত করিতে হইবে।

৬.৫ বিদেশে অবস্থানরত আমমোক্তার দাতা কর্তৃক আমমোক্তার গ্রহণের জন্য সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে/আমমোক্তার গ্রহিতা-কে আমমোক্তার গ্রহণের আবেদন করিতে হইবে। দূতাবাসের মাধ্যমে প্রেরিত আমমোক্তারনামা পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক Authenticated, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রয়োজনীয় সংখ্যক Stamping করার পরে সংশ্লিষ্ট এলাকার সাব-রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রেশন সম্পন্ন করিতে হইবে। বিদেশ হইতে সম্পাদিত আমমোক্তারনামা গ্রহণের ক্ষেত্রে আমমোক্তার দাতার হলফনামা ও শুনানী গ্রহণ বাধ্যতামূলক নহে।

**৭.০ আবাসিক/শিল্প/বাণিজ্যিক এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর বন্ধক রাখার অনুমতি প্রদান:**

৭.১ প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান প্রভৃতির বরাদ্দ প্রাপক/মালিক বা মালিকের নিযুক্ত আমমোক্তার-কে যে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক (Mortgage) রাখিবার অনুমতির জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে:

৭.২ আবেদনকারীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

৭.২.১ আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

৭.২.২ আবেদনকারী প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

৭.২.৩ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি। ক্রয় দলিলের সার্টিফাইড কপি, গ্রাউন্ড রেন্ট পরিশোধের কপি;

৭.২.৪ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে আবেদনকারীর ছবিযুক্ত নোটারীকৃত হলফনামা; (হলফনামার নমুনা-পরিশিষ্ট-জ);

৭.২.৫ ইতোপূর্বে কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হইলে সেই ঋণ পরিশোধের স্বপক্ষে Deed of Redemption এর সার্টিফাইড কপি।

৭.৩ যেই ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে প্লট/উপ-প্লট/খন্ড জমি ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর বন্ধক রাখিবার আবেদন করা হইবে। সেই ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হইতে অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর সম্পত্তির তফশীলসহ ঋণ প্রদান বিষয়ক একটি সম্মতিপত্র প্রদান করিতে হইবে।

**৮.০ আবাসিক/শিল্প এলাকার প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস এর বাণিজ্যিক/প্রাতিষ্ঠানিক শ্রেণিতে কনভার্সনের অনুমতি প্রদান:**

৮.১ বরাদ্দ প্রাপক/মালিক বা মালিকের নিযুক্ত আমমোক্তার-কে আবাসিক/শিল্প এলাকার কেবলমাত্র অনুমোদিত রোডসমূহের পার্শ্ববর্তী প্লট/উপ-প্লট/খন্ড জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস বাণিজ্যিক/প্রাতিষ্ঠানিক শ্রেণিতে

চলমান পাতা-৭

কনভার্সনের অনুমোদিত নীতিমালা অনুসরণে কনভার্সনের অনুমতির জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

৮.২ আবেদনকারীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

৮.২.১ আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

৮.২.২ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে প্লট/উপ-প্লট/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস এর নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর ও হালনাগাদ ভূম উন্নয়ন কর পরিশোধের রশিদের সত্যায়িত কপি;

৮.২.৩ আবেদনকারী প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

৮.২.৪ ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে আবেদনকারীর ছবিযুক্ত নোটারীকৃত হলফনামা (হলফনামার নমুনা পরিশিষ্ট-ঝ);

৮.৩ কনভার্সনের জন্য নির্ধারিত ফি সংশ্লিষ্ট সরকারি কোডে জমা প্রদান করিতে হইবে।

**৯.০ আবাসিক/শিল্প/বাণিজ্যিক এলাকার প্লট বিভাজন ও একত্রিকরণের অনুমতি প্রদান:**

৯.১ আবাসিক/শিল্প/বাণিজ্যিক এলাকার প্লটসমূহের বরাদ্দ প্রাপক/মালিক বা মালিকের নিযুক্ত আমমোক্তারকে প্লট বিভাজন ও একত্রিকরণের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর আবেদন করিতে হইবে।

৯.২ আবেদনকারীকে আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

৯.২.১ আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

৯.২.২ আবেদনকারী প্রাপ্ত বয়স্ক হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অপ্রাপ্ত বয়স্ক হলে জন্মনিবন্ধন সনদ এবং বিদেশে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকের জাতীয় পরিচয়পত্র না থাকিলে পাসপোর্ট এর সত্যায়িত কপি;

৯.২.৩ প্লটের বরাদ্দপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

৯.২.৪ প্লট/উপ-প্লট/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্টস/ফ্লোরস্পেস/দোকান এর দলিলের সার্টিফাইড কপি;

৯.২.৫ আমমোক্তারনামার সার্টিফাইড কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৯.২.৬ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর অফিসের নামজারি জমাভাগের প্রস্তাবপত্র, ডি.সি.আর এর সত্যায়িত কপি;

৯.২.৭ হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ ও গ্রাউন্ড ট্যাক্স পরিশোধের রশিদের সত্যায়িত কপি।

৯.৩ ধানমন্ডি আবাসিক এলাকার প্লট বিভাজনের ক্ষেত্রে বিভাজিত প্লটের আয়তন সর্বনিম্ন ৫ (পাঁচ) কাঠা হইবে।

৯.৪ তেজগাঁও শিল্প এলাকার প্লট বিভাজনের ক্ষেত্রে বিভাজিত প্লটের আয়তন সর্বনিম্ন ১০ (দশ) কাঠা হইবে।

৯.৫ পাশাপাশি প্লটের মালিক/মালিকগণ প্লট একত্রিকরণের আবেদন করিতে পারিবেন।

৯.৬ প্লট বিভাজন কিংবা একত্রিকরণের আবেদনের সাথে প্লটের মালিক/মালিকগণের স্বাক্ষরযুক্ত ডিজিটাল সার্ভে নকশা দাখিল করিতে হইবে। দাখিলকৃত নকশার বিষয়ে স্থাপত্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরের মতামত গ্রহণ করিতে হইবে।

চলমান পাতা-৮

১০.০ এ পরিপত্রের আলোকে কার্যক্রম গ্রহণকালে সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

১১.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হইবে।

০২/০৬/২০২৪
মুহাম্মদ ইকবাল হুসাইন
যুগ্মসচিব
ফোন: ০২-২২৩৩৮৯৭৩৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(৩) সিনিয়র সচিব/সচিব (সকল), ........ভূমি মন্ত্রণালয়..................।
(৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
(৫) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
(৬) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৭) অতিরিক্ত সচিব (সকল)................................ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(৮) বিভাগীয় কমিশনার (সকল)..................................।
(৯) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
(১০) মহাপরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
(১১) বিজ্ঞ আইন উপদেষ্টা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(১২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(১৩) চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
(১৪) মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
(১৫) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(১৬) পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৭) যুগ্মসচিব (সকল)........................... গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(১৮) জেলা প্রশাসক (সকল)..............................।
(১৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
(২০) সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(২১) পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২২) উপসচিব (সকল) .............................. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(২৩) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সরকারী ১২ তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(২৪) সিস্টেম এ্যানালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
(২৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) ..................... গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(২৬) সহকারী কমিশনার (ভূমি) ....................................।
(২৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২৮) সাব-রেজিস্ট্রার........................................।